# বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১

( ১৯৯১ সনের ২৯ নং আইন )

**বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান নামে একটি প্রতিষ্ঠান স্থাপন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(খ) "প্রতিষ্ঠান" অর্থ এই আইনের অধীন স্থাপিত বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান;

(গ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) "বোর্ড" অর্থ প্রতিষ্ঠানের পরিচালনার বোর্ড;

(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) "দূর অনুধাবন" বলিতে বিমান, মহাকাশ হইতে সেন্সরের মাধ্যমে পৃথিবীর সম্পদ পরীক্ষা ও বিশ্লেষণ বুঝাইবে;

(ছ) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

**বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান স্থাপন**

৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করিবে।

(২) প্রতিষ্ঠান একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও বিধি সাপেক্ষে ইহার স্থাবর ও

অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে৷

**প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়**

৪৷ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশের যে কোন স্থানে শাখা কার্যালয়, গবেষণা কার্যালয় ও গবেষণাগার স্থাপন করিতে পারিবে৷

**পরিচালনা ও প্রশাসন**

৫৷ (১) প্রতিষ্ঠানের পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং প্রতিষ্ঠান যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে৷

(২) প্রতিষ্ঠান উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত নীতি অনুসরণ করিবে৷

**পরিচালনা বোর্ড**

৬৷ (১) পরিচালনা বোর্ড একজন সার্বক্ষণিক চেয়ারম্যান ও [১][চারজন] সার্বক্ষণিক সদস্য সমন্বয়ে গঠিত হইবে৷

(২) বোর্ডের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর মেয়াদ ও শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে[২][:

তবে শর্ত থাকে যে, সার্বক্ষণিক সদস্যগণের মধ্যে দুইজন প্রতিষ্ঠানে কর্মরত প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাদের মধ্য হইতে জ্যেষ্ঠতা এবং যোগ্যতার ভিত্তিতে নিযুক্ত হইবেন।]

(৩) চেয়ারম্যান প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন৷

(৪) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারম্যান তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি চেয়ারম্যানরূপে দায়িত্ব পালন করিবেন৷

**প্রতিষ্ঠানের কার্যাবলী**

৭৷ প্রতিষ্ঠানের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) কৃষি, বন, মত্স্য, ভূ-তত্ত্ব, মানচিত্র অংকন, পানি সম্পদ, ভূমি ব্যবহার, আবহাওয়া, পরিবেশ, ভূগোল, সমুদ্র, বিজ্ঞান, শিক্ষা এবং জ্ঞান ও বিজ্ঞানের অন্যান্য ক্ষেত্রে মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তিকে শান্তিপূর্ণভাবে ব্যবহার করা

এবং উক্ত প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহারিক প্রয়োগের জন্য গবেষণা কার্য পরিচালনা করা;

(খ) দফা (ক) এ উল্লিখিত গবেষণা কার্যের ফলাফল সরকার ও বিভিন্ন সংস্থাকে অবহিত করা এবং তত্সংক্রান্ত তথ্য বিতরণ করা;

(গ) মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তি সম্পর্কে বিভিন্ন দেশের নীতি সরকারকে অবহিত করা এবং তত্সম্পর্কে সরকারের নীতি নির্ধারণের ব্যাপারে পরামর্শ প্রদান করা;

(ঘ) মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তি সম্পর্কে সমীক্ষা, জরিপ, প্রশিক্ষণ ও কারিগরী গবেষণার ব্যবস্থা করা এবং তত্সংক্রান্ত বিষয়ে অন্য কোন দেশী, বিদেশী বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত সহযোগিতা করা;

(ঙ) মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তি সম্পর্কে গবেষণা পরিচালনার জন্য প্রকল্প প্রণয়ন করা এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, উহা বাস্তবায়ন করা;

(চ) উপরিউক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

**অন্যান্য প্রতিষ্ঠানের সহিত চুক্তি**

৮। (১) প্রতিষ্ঠান মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তি সম্পর্কে কারিগরী পরামর্শ দান ও গ্রহণের জন্য যে কোন দেশী, বিদেশী বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত দ্বিপাক্ষিক বা বহুপাক্ষিক চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে।

(২) প্রতিষ্ঠান অন্য কোন দেশী, বিদেশী বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত মহাকাশ ও দূর অনুধাবন প্রযুক্তি বিষয়ে যৌথ গবেষণা ও কারিগরী পরামর্শ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীনে কোন চুক্তিতে বা কার্যক্রমে কোন বেসরকারী বা বিদেশী বা আন্তর্জাতিক সংস্থা থাকিলে উহার জন্য সরকারের পূর্বানুমোদন এর প্রয়োজন হইবে।

**বোর্ডের সভা**

৯। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্য পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সকল সভার সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য চেয়ারম্যানসহ উহার তিনজন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।